



স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.৭০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয়: মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক ২০২১ এর আবেদন প্রেরণের সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, (১) বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের এবং পরিবারহীন বয়স্ক পুরুষদের কল্যাণ ও পুনর্বাসন, (২) প্রান্তিক, অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক সুরক্ষা, আত্মনির্ভরশীলকরণ ও কর্মসংস্থান সৃষ্টি, (৩) প্রতিবন্ধী ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণ, জীবনমান উন্নয়ন, কর্মসংস্থান, ইনক্লুসিভ শিক্ষা বাস্তবায়ন ও সামাজিক সুরক্ষা, (৪) সুবিধাবঞ্চিত, আইনের সংস্পর্শে আসা, আইনের সাথে সংঘাতে জড়িত শিশু, কারামুক্ত কয়েদি, ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তিদের কল্যাণ, উন্নয়ন ও পুনঃপ্রতিষ্ঠা, (৫) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের এমন কোন কর্ম যা সমাজের মানুষের মেধা ও মননের বিকাশ, জীবনমান ও পরিবেশের উন্নয়ন, সমাজবদ্ধ মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের উন্নয়ন ও সর্বোপরি মানবকল্যাণ ও মানবতাবোধে সমাজ বা রাষ্ট্রকে ইতিবাচক ভাবে প্রভাবিত করার কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান ও গৌরবোজ্জ্বল ভূমিকার জন্য ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান পর্যায়ে ০৫টি ক্ষেত্রে মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক প্রদান করা হবে।

০২। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক (২০২০-২০২১)’ এর মনোনয়ন ছক এবং নীতিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.msw.gov.bd), সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট (www.dss.gov.bd) এবং সকল জেলা সমাজসেবা কার্যালয়ে পাওয়া যাবে।

০৩। এমতাবস্থায়, ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা ২০১৮’ মোতাবেক উল্লিখিত যেকোন ক্ষেত্রে অবদান রেখেছেন এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের মন্ত্রণালয়/বিভাগ হতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সময় ২০ আগস্ট ২০২১ পর্যন্ত নির্ধারিত ছিল। কোভিড-১৯ ও চলমান লকডাউনের কারণে প্রস্তাব প্রেরণের সময় আগামী ১০ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত করা হলো। এক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ হতে মনোনয়ন এর সফট কপি ই-মেইল (publication@msw.gov.bd) এবং হার্ডকপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।

৬-৮-২০২১

খাদিজা নাজনীন

উপসচিব

ফোন: +৮৮০২ ৯৫১৪০৯৩

ফ্যাক্স: +৮৮০২ ৯৫১৪১১৩

ইমেইল: performance@msw.gov.bd

বিতরণ :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব/সচিব (সকল)

৩) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম

৪) সমাজকল্যাণ মন্ত্রণালয় এর ৬টি দপ্তর/সংস্থা প্রধান

৫) জেলা প্রশাসক,

চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/ক

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৭.২৩.০০১.২০.৭০/১(৫)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৫) জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়

৬-৮-২০২১

খাদিজা নাজনীন

উপসচিব